

কিউএস র্যাংকিংয়ে দেশের সেরা এনএসইউ

কিউএস এশিয়া ইউনিভার্সিটি র্যাংকিং ২০২৫-এ বাংলাদেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে শীর্ষস্থান অর্জন করেছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। বুধবার প্রকাশিত এ র্যাংকিংয়ে এশিয়ার ২৫টি দেশের ৯৮৪টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১৫৫তম স্থান অর্জন করেছে এনএসইউ। এর আগে ২০২৪ সালের একই র্যাংকিংয়ে এনএসইউ'র অবস্থান ছিল ১৯১তম। এবারের র্যাংকিংয়ে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসাবে শীর্ষ স্থান ধরে রাখার পাশাপাশি সব বিশ্ববিদ্যালয়ের মধ্যে এনএসইউ'র অবস্থান দ্বিতীয়। নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. আবদুল হান্নান চৌধুরী বলেন, এ ফলাফল পুরো নর্থ সাউথ ইউনিভার্সিটি পরিবারের সব শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী এবং প্রাক্তন শিক্ষার্থীদের নিষ্ঠা ও কঠোর পরিশ্রমের প্রতিফলন। সংবাদ বিজ্ঞপ্তি।

